রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ২২, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়**
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/১৮ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৪৭-আইন/২০১৯।**—ওয়ান স্টপ সার্ভিস আইন, ২০১৮ (২০১৮ সনের ১০ নং আইন) এর ধারা ১১ এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।**—(১) এই বিধিমালা ওয়ান স্টপ সার্ভিস (বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ) বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮নং আইন) এর অধীন ঘোষিত বা স্থাপিত সকল শ্রেণির হাই-টেক পার্কের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **“আইন”** অর্থ ওয়ান স্টপ সার্ভিস আইন, ২০১৮ (২০১৮ সনের ১০ নং আইন);

(খ) **“আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র”** অর্থ বিধি ৫ এ উল্লিখিত আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র;

(গ) **“আবেদনকারী”** অর্থ হাই-টেক পার্কে কোন সেবার জন্য আবেদনকারী কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(ঘ) **"আবেদনপত্র"** অর্থ হাই-টেক পার্কে কোন সেবার জন্য কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র বরাবর দাখিলকৃত আবেদনপত্র;

(ঙ) **"উদ্যোক্তা"** অর্থ তথ্য প্রযুক্তিসহ হাই-টেক প্রযুক্তির উন্নয়ন, পরিচালনা ও প্রসারে বিনিয়োগে আগ্রহী দেশি-বিদেশি যেকোন ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(চ) **"ওএসএস" বা "OSS"** অর্থ ওয়ান স্টপ সার্ভিস বা One Stop Service;

(ছ) **"ওয়ান স্টপ সার্ভিস পোর্টাল" বা "OSS Portal"** অর্থ বিধি ৬ এর অধীন বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক স্থাপিত ওয়ান স্টপ সার্ভিস পোর্টাল বা OSS Portal;

(জ) **"ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র"** অর্থ বিধি ৪ এর অধীন গঠিত বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র;

(ঝ) **"ডেভেলপার"** অর্থ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮নং আইন) এর ধারা ২(৩) এ সংজ্ঞায়িত ডেভেলপার;

(ঞ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(ট) **"বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ"** অর্থ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ;

(ঠ) **"বিনিয়োগকারী"** অর্থ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫ এর বিধি ২(১৩) এ সংজ্ঞায়িত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(ড) **"নির্ধারিত সময়"** অর্থ তফসিল এর কলাম (২) এ উল্লিখিত সেবার বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত সময়;

(ঢ) **"সেবা"** অর্থ তফসিল এর কলাম (২) এ উল্লিখিত যে কোন সেবা;

(ণ) **"সেবা প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষ"** অর্থ তফসিল এর কলাম (২) এ উল্লিখিত সেবার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত সেবা প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষ;

(ত) **"স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর"** বা "SOP" অর্থ বিধি ৩ এর উপ-বিধি (২) এর দফা (জ) এর অধীন কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর;

(থ) **"হাই-টেক পার্ক"** অর্থ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮নং আইন) এর ধারা ২(৬) এ সংজ্ঞায়িত পার্ক;

(দ) **"হাই-টেক পার্ক ব্যবহারকারী"** অর্থ হাই-টেক পার্ক ব্যবহারের জন্য অনুমতিপ্রাপ্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান; এবং

(ধ) **"হাই-টেক শিল্প"** অর্থ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮নং আইন) এর ধারা ২(১২) এ সংজ্ঞায়িত হাই-টেক শিল্প;

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই সে সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সে অর্থে প্রযোজ্য হইবে।

৩। **কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ গঠন, ক্ষমতা, কার্যাবলী, ইত্যাদি।**—(১) বাংলাদেশ হাই-টেক পার্ক কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ নিম্নরূপে গঠিত হইবে, যথা :—

(ক) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক............... প্রধান নির্বাহী;

(খ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের একজন প্রতিনিধি...................... সদস্য;

(গ) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের একজন পরিচালক..................... সদস্য;

(ঘ) সংশ্লিষ্ট সেবা প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষসমূহের ফোকাল পয়েন্ট......... সদস্য; এবং

(ঙ) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মনোনীত প্রতিনিধি................................................................ সদস্য সচিব।

(২) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবে, যথা :—

(ক) আবেদনপত্র দাখিল ও আবেদন সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্য, অতিরিক্ত তথ্য ও দালিলপত্রাদি দাখিলে ইচ্ছুক কোন ব্যক্তিকে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান;

(খ) প্রযোজ্য ফি আদায় সাপেক্ষে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনকারী কর্তৃক চাহিত এই বিধিমালার তফসিলে উল্লিখিত সেবা প্রদান নিশ্চিতকরণ;

(গ) সেবা প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট কার্যাদি নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী সংস্থা বা প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষের সহিত সমন্বয়সাধন;

(ঘ) আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রের কার্যাবলী নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান, সমন্বয়সাধন ও পরিবীক্ষণ;

(ঙ) ফোকাল পয়েন্ট কর্তৃক প্রদত্ত সেবা বা আবেদনপত্র নিষ্পত্তি সংক্রান্ত ভিন্নতর কোন সিদ্ধান্ত বা পরামর্শ থাকিলে তাহা তাৎক্ষণিকভাবে আবেদনকারী বরাবর প্রেরণ;

(চ) ফোকাল পয়েন্ট কর্তৃক প্রদত্ত সিদ্ধান্তের বিষয়ে আবেদনকারী পুনর্বিবেচনার আবেদন দাখিল করিলে, উহা ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণ;

(ছ) আইনের উদ্দেশ্য পূরণকল্পে, নির্ধারিত সময়সীমা অপরিবর্তিত রাখিয়া, সেবা প্রদানকারী কর্তৃপক্ষ বা সংস্থাসমূহের সহিত আলোচনাক্রমে সেবা প্রদান কার্যক্রমের প্রতিটি স্তরের সময় বিভাজন;

(জ) ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র এবং আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রের মাধ্যমে সেবা প্রদানের Standard Operating Procedure (SOP) প্রণয়ন এবং সময়ে সময়ে উক্ত SOP পর্যালোচনাপূর্বক উহাতে প্রয়োজনীয় পরিবর্তন ও সংশোধন;

(ঝ) বিনিয়োগ সেবার মান উন্নত করিবার জন্য প্রয়োজনের আলোকে তফসিলে উল্লেখ নাই এমন অন্যান্য সংস্থা এবং সংশ্লিষ্ট সেবা সংযুক্ত করা; এবং

(ঞ) সময়ে সময়ে উদ্ভূত বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের বিনিয়োগ সংশ্লিষ্ট সেবা প্রদানের দায়িত্ব পালন।

৪। **ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র।**—(১) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষকে নির্ধারিত সময়ের মধ্যে ওয়ান স্টপ সার্ভিস কার্যক্রম বাস্তবায়নে সহায়তা প্রদান এবং প্রার্থিত সেবা প্রদানের লক্ষ্যে একটি ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র থাকিবে।

(২) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের কর্মচারীগণের মধ্য হইতে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মনোনীত প্রতিনিধির দ্বারা ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র পরিচালিত হইবে।

(৩) ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত দায়িত্ব পালন করিবে।

৫। **আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র গঠন, ক্ষমতা, কার্যাবলী, ইত্যাদি।**—(১) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের শাখা কার্যালয় অথবা প্রত্যেক পার্কে সেবা প্রদানের জন্য একটি আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র থাকিবে, যাহা নিম্নরূপে গঠিত হইবে, যথা :—

(ক) সংশ্লিষ্ট পার্ক বা শাখা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা...................... আহ্বায়ক

(খ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক মনোনীত তাহার অধীনস্থ সংস্থার একজন (স্থানীয়) প্রতিনিধি.................................... সদস্য

(গ) সংশ্লিষ্ট সেবা প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষসমূহের ফোকাল পয়েন্ট........ সদস্য

(ঘ) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের মনোনীত একজন কর্মকর্তা......... সদস্য-সচিব;

তবে শর্ত থাকে যে, কোন নির্দিষ্ট হাই-টেক পার্কের জন্য আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র গঠিত না হওয়া পর্যন্ত কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র উক্ত হাই-টেক পার্কের সেবা প্রদান বিষয়ক যাবতীয় দায়িত্ব পালন করিবে।

(২) আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র সেবা ও সুবিধা প্রদানের ক্ষেত্রে কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষের অনুরূপ দায়িত্ব পালন করিবে।

(৩) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ সময়ে সময়ে অফিস আদেশ দ্বারা আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রকে অতিরিক্ত দায়িত্ব প্রদান করিতে পারিবে।

৬। **ওয়ান স্টপ সার্ভিস পোর্টাল স্থাপন।**—ওয়ান স্টপ সার্ভিস প্রদানের উদ্দেশ্যে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ নিজস্ব অটোমেশন পদ্ধতিতে ওয়ান স্টপ সার্ভিস পোর্টাল স্থাপন করিতে পারিবে।

৭। **ডেভেলপার, উদ্যোক্তা, বিনিয়োগকারীগণের রেজিস্ট্রেশন**।—ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সকল শ্রেণির বিনিয়োগকারীকে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ওয়ান স্টপ সার্ভিস পোর্টাল এ রেজিস্ট্রেশন সম্পন্ন করিতে হইবে।

৮। **আবেদনপত্রসমূহের অবস্থা সম্পর্কিত তথ্য হালনাগাদ ও সংরক্ষণ**।—ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রসমূহের প্রতিটি আবেদনপত্রের হালনাগাদ অবস্থা, আবেদনপত্র মঞ্জুর অথবা ভিন্নরূপে নিষ্পত্তি এবং সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় বিষয়ের হালনাগাদ তথ্যাদি ওয়ান স্টপ সার্ভিস পোর্টাল এ সংরক্ষিত থাকিবে, তবে ওয়ান স্টপ সার্ভিস পোর্টালের অনুপস্থিতিতে প্রতিটি আবেদনপত্রের হালনাগাদ অবস্থা, আবেদনপত্র মঞ্জুর অথবা ভিন্নরূপে নিষ্পত্তি এবং সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় বিষয়ের হালনাগাদ তথ্যাদি কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোড করিতে হইবে।

৯। **আবেদন ফরমসহ অন্যান্য ফরম প্রণয়ন ও সহজলভ্যকরণ**।—(১) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, আবেদন ফরমসহ প্রয়োজনীয় অন্যান্য ফরম প্রণয়ন করিবে।

(২) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ সেবা প্রদানকারী সংস্থার সহিত পরামর্শক্রমে বিদ্যমান ফরমসমূহ প্রয়োজনীয় পরিমার্জন করিতে পারিবে।

(৩) ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র বা আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রসমূহ প্রয়োজনীয় সকল প্রকার ফরম মজুদ রাখিবে এবং সংশ্লিষ্টদের জন্য সহজলভ্যতা নিশ্চিত করিবে।

১০। **আবেদনপত্র দাখিল**।—(১) আবেদনকারীকে নির্ধারিত ইলেক্ট্রনিক ফরমে (সম্ভাব্য ক্ষেত্রে ডিজিটাল স্বাক্ষর যুক্ত করিয়া) ওয়ান স্টপ সার্ভিস পোর্টালে, বা ক্ষেত্রমত, মুদ্রিত ফরমে (হার্ডকপি) আবেদনপত্র দাখিল করিতে হইবে এবং প্রয়োজনে কাগজ বা দলিলাদির মূলকপি প্রদর্শন করিতে হইবে।

(২) আবেদনপত্র নিষ্পত্তির সুবিধার্থে আবেদনকারীকে কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ ও সেবা প্রদানকারী সংস্থা কর্তৃক নির্ধারিত সকল প্রকার তথ্য ও দলিলাদি আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, কোনো কারণে কোনো দলিল বা তথ্য দাখিল করা সম্ভব না হইলে উপ-বিধি (৩) অনুযায়ী স্ব-প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে।

(৩) আবেদনকারী কর্তৃক আবেদনপত্র দাখিলকালে কোনো তথ্য বা দলিলপত্রাদি দাখিল করা সম্ভব না হইলে, আবেদনকারীকে তাহার স্ব-প্রত্যয়নে উহার অপারগতার কারণ উল্লেখপূর্বক উক্ত তথ্য বা দলিলপত্রাদি ফোকাল পয়েন্ট কর্তৃক নির্দিষ্টকৃত সময়ের মধ্যে দাখিল করিবেন মর্মে লিখিত অঙ্গীকারনামা প্রদান করিতে হইবে।

১১। **ফি আদায়**।—(১) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ তদকর্তৃক প্রদেয় প্রতিটি সেবার বিপরীতে অর্থ বিভাগের সম্মতিক্রমে ফি নির্ধারণ করিবে এবং উক্ত ফি আবেদনকারীর নিকট হইতে আদায়যোগ্য হইবে।

(২) ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র বা আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রসমূহ সংশ্লিষ্ট সেবা প্রদানকারী সংস্থা বা প্রতিষ্ঠানের পক্ষে ব্যক্তি বা সংস্থা বা প্রতিষ্ঠানের নিকট হইতে নির্ধারিত ফি আদায় করিয়া সংশ্লিষ্ট সেবা প্রদানকারী সংস্থা বা প্রতিষ্ঠানের অনুকূলে বিধিমতে জমা প্রদান করিবে।

১২। **ফোকাল পয়েন্ট নির্ধারণ, ক্ষমতায়ন ও কার্যাবলী।**—(১) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী সংশ্লিষ্ট সেবা প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষ নিজ সংস্থার উপযুক্ত কর্মচারীকে যথানিয়মে ফোকাল পয়েন্ট নির্ধারণ করিবে এবং নিজ সংস্থার পক্ষে সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদনের পূর্ণ ক্ষমতা প্রদান করিবে এবং ফোকাল পয়েন্ট নির্ধারণ ও পরিবর্তন সংক্রান্ত তথ্য কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষকে অবহিত করিবে।

(২) ফোকাল পয়েন্টের কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা :—

(ক) ওয়ান স্টপ সার্ভিস কার্যালয় হইতে প্রেরিত আবেদনপত্র গ্রহণ;

(খ) আবেদনপত্র পরীক্ষাক্রমে আবেদনপত্র নিষ্পত্তির জন্য কোনো অতিরিক্ত তথ্য বা দলিলপত্রাদির প্রয়োজন থাকিলে, আবেদনকারীর নিকট চাহিদাপত্র প্রেরণের জন্য সংশ্লিষ্ট ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রে প্রেরণ;

(গ) অবেদনপত্র, সহায়ক তথ্য, দলিলপত্র, অতিরিক্ত তথ্য (যদি থাকে), আবেদনকারীর নিজস্ব প্রত্যয়ন, কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রের পরামর্শ (যদি থাকে) এবং আনুষঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় গ্রহণ করিয়া তফসিলে উল্লিখিত নির্ধরিত সময়ের মধ্যে সেবা প্রদানের আবেদনপত্র মঞ্জুর বা ভিন্নরূপে নিষ্পত্তিকরণ;

(ঘ) ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র বা আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রের মাধ্যমে পুনর্বিবেচনার আবেদন প্রেরিত হইলে, আবেদকারীর পুনর্বিবেচনার আবেদন সংশ্লিষ্ট তথ্য ও দলিলপত্রাদির আলোকে তফসিলে নির্ধারিত সময়সীমার মধ্যে পুনর্বিবেচনা;

(ঙ) আবেদনপত্র নিষ্পত্তিতে অপারগতার ক্ষেত্রে, তাহার কারণসহ অপারগতার বিষয় আবেদনকারীসহ নিজ নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রকে তফসিলে উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে অবহিতকরণ;

(চ) তফসিলে উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র নিষ্পত্তির জন্য সকল আনুষঙ্গিক কার্য সম্পাদন;

(ছ) কারিগরি ত্রুটির কারণে সেবা প্রদানের ক্ষেত্রে কোনো বাধার সম্মুখীন হইলে তাৎক্ষণিকভাবে তাহা সংশ্লিষ্ট ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রকে অবহিতকরণ;

(জ) নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা সংস্থার পরামর্শ গ্রহণপূর্বক আবেদন নিষ্পত্তিকরণ;

(ঝ) ফোকাল পয়েন্ট তাঁহার নিজস্ব কার্যালয়ে ওয়ান স্টপ সার্ভিস (OSS) এর সুবিধাসমূহ সম্পর্কে প্রয়োজনীয় প্রচার, প্রচারণা বা সমন্বয় সাধন; এবং

(ঞ) অনুমোদিত সেবা, সুবিধা, প্রণোদনা, লাইসেন্স, অনুমতি, ছাড়পত্র, পারমিট, ইত্যাদি সম্পর্কিত যেকোনো আদেশ আবেদনকারী বরাবর প্রেরণ এবং নামঞ্জুর হইলে তাহা আবেদনকারীকে অবহিতকরণ; তবে, আবেদনপত্র অনলাইনে দাখিল না হইয়া

থাকিলে, অনুমোদিত সেবা, সুবিধা, প্রণোদনা, লাইসেন্স, অনুমতি, ছাড়পত্র, পারমিট, ইত্যাদি যেকোনো আদেশ বা আবেদন নামঞ্জুর হইলে সেই ক্ষেত্রে নামঞ্জুর আদেশের মুদ্রিত (হার্ড) কপি ওএসএস কেন্দ্রে প্রেরণ।

(৩) বিধি ১০ এর অধীন দাখিলকৃত আবেদন ও উহার সহিত সংযুক্ত তথ্য, দলিল বা কাগজাদি পরীক্ষা করিয়া সন্তুষ্ট না হইলে ফোকাল পয়েন্ট কারণ উল্লেখপূর্বক আবেদনটি নামঞ্জুর করিতে পারিবেন এবং উহা আবেদনকারীকে তাৎক্ষণিক অবহিত করিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন কোনো আবেদন নামঞ্জুর করা হইলে, সংশ্লিষ্ট আবেদনকারী উক্ত আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে পুনর্বিবেচনার আবেদন করিতে পারিবেন।

(৫) পুনর্বিবেচনার আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে নির্ধারিত সময় ও স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর অনুসরণ করিতে হইবে।

(৬) কোনো আবেদনকারী কেবল তাহার মূল আবেদনপত্র বা পুনর্বিবেচনার আবেদন খারিজ হইবার কারণে নতুন করিয়া আবেদনপত্র দাখিল করা হইতে বারিত হইবেন না।

১৩। **সভা**।—(১) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র, সময় সময় সভা আহ্বান করিয়া আবেদনপত্রসমূহের হালনাগাদ অবস্থা পর্যালোচনা করিবে এবং দ্রুত কার্যক্রম গ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষের প্রধান নির্বাহী, বা ক্ষেত্রমত, আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রের আহ্বায়ক যেকোনো সময়ে সভা আহ্বান করিতে পারিবেন।

(৩) সংখ্যাগরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হইবে।

(৪) আবেদনপত্রের বিষয়বস্তুর আলোকে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষের মনোনীত ফোকাল পয়েন্টের উপস্থিতি সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে।

১৪। **অসুবিধা দূরীকরণ**।— এই বিধিমালার প্রয়োগ, বাস্তবায়ন ইত্যাদি কোনো বিষয়ে কোনো জটিলতা বা অসুবিধা দেখা দিলে উহা দূরীকরণের জন্য বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইনী কাঠামো অনুসরণপূর্বক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করিবে এবং সময়ে সময়ে পরিপত্র জারীর মাধ্যমে বিধিমালার কোনো স্পষ্টিকরণ বা ব্যাখ্যা প্রদান করা যাইবে।

১৫। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ**।—(১) এই বিধিমালা কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার মূল পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**তফসিল**

(বিধি ২(১) এর দফা ঞ, ড, ঢ এবং ণ)

সেবার নাম, সেবা প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষ এবং নির্ধারিত সময় এর তালিকা

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদানকারী সংস্থা/কর্তৃপক্ষ | *নির্ধারিত সময় (কর্মদিবস) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১ | **প্রকল্প ছাড়পত্র সংক্রান্ত :** | বাংলাদেশ হাই- টেক পার্ক কর্তৃপক্ষ | |
| | (ক) বিনিয়োগ প্রস্তাব/প্রকল্প নিবন্ধন | | ৭ |
| | (খ) বিনিয়োগ প্রস্তাব/প্রকল্প ছাড়পত্র | | ৭ |
| | (গ) নিবন্ধন/ছাড়পত্র নবায়ন বা সংশোধনী | | ৩ |
| ২ | **কোম্পানি নিবন্ধন সংক্রান্তঃ** | যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয় | |
| | (ক) নামের ছাড়পত্র | | ১ |
| | (খ) কোম্পানি নিবন্ধন (সার্টিফিকেশন অব ইনকর্পোরেশন) | | ৩ |
| | (গ) বন্ধকী বিবরণী নিবন্ধন | | ৭ |
| | (ঘ) প্রাইভেট লিঃ কোম্পানির মূলধন বৃদ্ধিকরণ (১০ কোটি বা উহার উর্ধে) | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড একচেঞ্জ কমিশন | ৬০ |
| | (ঙ) পাবলিক লিঃ কোম্পানির মূলধন বৃদ্ধিকরণ (১ কোটি টাকার উর্ধে) | | ৬০ |
| | (চ) গণপ্রস্তাব (IPO) ব্যতীত বন্ড, ডিবেঞ্চার বা অন্য কোনো ঋণপত্র ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলনের অনুমোদন | | ৭ |
| | (ছ) গণপ্রস্তাবের (IPO) মাধ্যমে কোম্পানির শেয়ার ইস্যু বা বন্ড, ডিবেঞ্চার ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলনের অনুমোদন | | ৬০ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৩ | **ভিসা সংক্রান্ত:** | | |
| | (ক) ভিসা প্রদানের সুপারিশ | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | ২ |
| | (খ) ভিসা ইস্যুকরণ | সংশ্লিষ্ট বাংলাদেশ মিশন | ৫ |
| | (গ) আগমনী ভিসা (VOA) ইস্যুকরণ | আন্তর্জাতিক বিমানবন্দর ও স্থলবন্দরসমূহের ইমিগ্রেশন কর্তৃপক্ষ | তাৎক্ষণিক |
| | (ঘ) ভিসার মেয়াদ বর্ধিতকরণের সুপারিশ | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | ২ |
| | (ঙ) ভিসার মেয়াদ বর্ধিতকরণ | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ৫ |
| | (চ) শ্রেণি পরিবর্তনসহ ভিসার মেয়াদ বৃদ্ধিকরণ | সুরক্ষা ও সেবা বিভাগ | ৭ |
| | (ছ) ভিসার জন্য স্পেশাল ব্রাঞ্চ (এসবি)'র প্রতিবেদন দাখিল | স্পেশাল ব্রাঞ্চ (এসবি) | ২১ |
| | (জ) নিরাপত্তা ছাড়পত্রের জন্য স্পেশাল ব্রাঞ্চ (এসবি)'র প্রতিবেদন দাখিল | | ৪৫ |
| | (ঝ) নিরাপত্তা ছাড়পত্রের জন্য এনএসআই এর প্রতিবেদন দাখিল | এনএসআই | ৩০ |
| | (ঞ) ভিসার জন্য সিকিউরিটি ক্লিয়ারেন্স ইস্যুকরণ | সুরক্ষা ও সেবা বিভাগ | ৩ |
| ৪ | **ওয়ার্ক পারমিট সংক্রান্ত :** | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | |
| | (ক) ওয়ার্ক পারমিট ইস্যুকরণ | | ৯ |
| | (খ) ওয়ার্ক পারমিটের মেয়াদ বর্ধিতকরণ | | ৯ |
| | (গ) নিরাপত্তা সংক্রান্ত ছাড়পত্র | সুরক্ষা সেবা বিভাগ | ২১ |
| ৫ | (ক) পার্কসমূহের অভ্যন্তরে ভূমি বরাদ্দ | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | ১০ |
| | (খ) পার্কসমূহের অভ্যন্তরে স্পেস বরাদ্দ | | ৭ |
| | (গ) সাব কন্ট্রাক্ট প্রদানের অনুমতি | | ৭ |
| | (ঘ) ব্যাংক ঋণ-এর অনাপত্তি পত্র | | ৩ |
| | (ঙ) অফসোর ব্যাংকিং লাইসেন্স এর অনাপত্তি পত্র | | ৭ |
| | (চ) বৈদেশিক ঋণ এর অনাপত্তি পত্র | | ৩ |
| | (ছ) বেসরকারি পার্ক ঘোষণা | | ৩০ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৬ | ট্রেড লাইসেন্স ইস্যুকরণ/নবায়ন | সিটি কর্পোরেশন/পৌরসভা/ ইউনিয়ন পরিষদ | ১ |
| ৭ | (ক) ভূমি লিজ দলিল রেজিস্ট্রেশন | নিবন্ধন পরিদপ্তর সংশ্লিষ্ট সকল সাব-রেজিস্ট্রি অফিস | ৩ |
| | (খ) লিজ দলিলের নকল সরবরাহ | | ৫ |
| ৮ | ৮.১ পরিবেশগত ছাড়পত্র সংক্রান্ত : | পরিবেশ অধিদপ্তর | |
| | ক. সবুজ শ্রেণির শিল্প কারখানা : | | |
| | ক.১ পরিবেশগত ছাড়পত্র ইস্যুকরণ | | ৭ |
| | ক.২ পরিবেশগত ছাড়পত্র নবায়ন | | ৭ |
| | খ. কমলা-ক শ্রেণির শিল্প কারখানা | | |
| | খ.১ পরিবেশগত ছাড়পত্র ইস্যুকরণ | | ৭ |
| | খ.২ পরিবেশগত ছাড়পত্র নবায়ন | | ৭ |
| | গ. কমলা-খ শ্রেণির শিল্প কারখানা | | |
| | গ.১ পরিবেশগত ছাড়পত্র ইস্যুকরণ | | ২০ |
| | গ.২ পরিবেশগত ছাড়পত্র নবায়ন | | ২০ |
| | ঘ. লাল শ্রেণির শিল্প কারখানা | | |
| | ঘ.১ ইআইএ এর জন্য টিওআর অনুমোদন (পরিদর্শনসহ) | | ১৫ |
| | ঘ.২ ইআইএ অনুমোদন | | ৩০ |
| | ঘ.৩ পরিবেশগত ছাড়পত্র ইস্যুকরণ | | ৩০ |
| | ঘ.৪ পরিবেশগত ছাড়পত্র নবায়ন | | ৩০ |
| | ৮.২ অভ্যন্তরীণ পানি শোধনাগার নির্মাণ/স্থাপন সংক্রান্ত : | | |
| | ক. পানি শোধনাগার স্থাপনের অন্যপত্তি পত্র | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | ৩ |
| | খ. ইআইএ-এর টিওআর অনুমোদন | পরিবেশ অধিদপ্তর | ১৫ |
| | গ. ইআইএ অনুমোদন | | ৩০ |
| | ঘ. পরিবেশগত ছাড়পত্র ইস্যুকরণ | | ৩০ |
| | ঙ. পরিবেশগত ছাড়পত্র নবায়ন | | ৩০ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| | ৮.৩ অভ্যন্তরীণ বর্জ্য পরিশোধনাগার (সিইটিপি)নির্মাণ/স্থাপন সংক্রান্ত : | | |
| | ক. সিইটিপি স্থাপনের অনাপত্তি পত্র | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | ৩ |
| | খ. ইআইএ-এর টিওআর অনুমোদন | | ১৫ |
| | গ. ইআইএ অনুমোদন | | ৩০ |
| | ঘ. পরিবেশগত ছাড়পত্র ইস্যুকরণ | | ৩০ |
| | ঙ. পরিবেশগত ছাড়পত্র নবায়ন | | ৩০ |
| | ৮.৪ অভ্যন্তরীণ স্যুয়েরেজ পরিশোধনাগার নির্মাণ/স্থাপন সংক্রান্ত : | | |
| | ক. স্যুয়েরেজ পরিশোধনাগার স্থাপনের অনাপত্তি পত্র | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | ৩ |
| | খ. ইআইএ-এর টিওআর অনুমোদন | পরিবেশ অধিদপ্তর | ১৫ |
| | গ. ইআইএ অনুমোদন | | ৩০ |
| | ঘ. পরিবেশগত ছাড়পত্র ইস্যুকরণ | | ৩০ |
| | ঙ. পরিবেশগত ছাড়পত্র নবায়ন | | ৩০ |
| ৯ | নির্মাণ পারমিট, নির্মাণ ছাড়পত্র (ভবনের নকশা অনুমোদন) সংক্রান্ত : | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ/পূর্ত কাজের অনুমোদন প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ | |
| | (ক) বিদ্যমান ভূমি ব্যবহার পরিকল্পনা অনুমোদন | | ৭ |
| | (খ) নির্মাণ ছাড়পত্র | | ৩০ |
| | (গ) চূড়ান্ত পরিদর্শন ও ব্যবহারের সনদ প্রদান | | ৭ |
| | (ঘ) নকশা পরিবর্তনের অনুমোদন | | ৭ |
| | (ঙ) আংশিক ভবন ব্যবহারের অনুমোদন | | ৭ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ১০ | (ক) **বৈদ্যুতিক সাবস্টেশন, ওয়ারিং সংক্রান্ত :** | | |
| | ক.১ বৈদ্যুতিক সাবস্টেশন স্থাপনের অনাপত্তি পত্র | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | ৩ |
| | ক.২ সাবস্টেশন স্থাপনের প্লান অনুমোদন | বিদুৎ সংযোগ প্রদানকারী প্রতিষ্ঠান | ১৫ |
| | ক.৩ সাবস্টেশন স্থাপনের ছাড়পত্র | | ১৫ |
| | ক.৪ সাবস্টেশন ব্যবহারের সনদ প্রদান | প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর | ১৫ |
| | (খ) **জেনারেটর স্থাপন সংক্রান্ত :** | | |
| | খ.১ জেনারেটর স্থাপনের অনুমতি | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | ৫ |
| | খ.২ ক্ষমতাসম্পন্ন জেনারেটর ব্যবহারের সনদ | প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর | ১০ |
| ১১ | **কারখানার/শিল্প প্রতিষ্ঠানের লাইসেন্স সংক্রান্ত :** | | |
| | (ক) কারখানার বা প্রতিষ্ঠানের মেশিন লে আউট নকশা অনুমোদন | কলখারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | ৪৫ |
| | (খ) কারখানার বা প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদান | | |
| | খ.১ পূর্বে মেশিন লে আউট নকশা অনুমোদন নেয়া থাকলে | | ৩০ |
| | খ.২ পূর্বে মেশিন লে আউট নকশা অনুমোদন নেয়া না থাকলে | | ৪৫ |
| | (গ) লাইসেন্স নবায়ন/সংশোধন/ সম্প্রসারণ | | ২০ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ১২ | **বিদ্যুৎ সংযোগ সংক্রান্ত :** | প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর/ বিদ্যুৎ সংযোগকারী প্রতিষ্ঠান | |
| | (ক) বিদ্যুৎ পরিকল্পনা অনুমোদন/ অনাপত্তি সনদ | | ৭ |
| | (খ) বৈদ্যুতিক সংযোগ অনুমোদন ও সনদ প্রদান | | ১৪ |
| | (গ) বৈদ্যুতিক নিরাপত্তা সনদ নবায়ন | | ১৪ |
| ১৩ | গ্যাস সংযোগ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর আওতাধীন গ্যাস বিতরণ সংস্থা সমূহ | ৭ |
| ১৪ | পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থাপনা | সংশ্লিষ্ট অঞ্চলের ওয়াসা/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/সিটি কর্পোরেশন/পৌরসভা | ৭ |
| ১৫ | টেলিফোন/টেলিকম ও ইন্টারনেট সংযোগ | বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি লিমিটেড/অন্যান্য কোম্পানি | ৩ |
| ১৬ | অগ্নি নিরোধ সংক্রান্ত : | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | |
| | (ক) ফায়ার সেফটি প্লান অনুমোদন/অনাপত্তি | | ২১ |
| | (খ) ফায়ার লাইসেন্স | | ১০ |
| | (গ) ফায়ার লাইসেন্স নবায়ন | | ১০ |
| ১৭ | **বিস্ফোরক লাইসেন্স ইস্যুকরণ/নবায়ন** | বিস্ফোরক অধিদপ্তর | ২১ |
| ১৮ | **বয়লার সার্টিফিকেট সংক্রান্ত :** | প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | |
| | (ক) বয়লার আমদানির অনাপত্তি সনদ | | ৩ |
| | (খ) বয়লার নিবন্ধন ও সনদ ইস্যুকরণ | | ১৪ |
| | (গ) বয়লার সনদ নবায়ন | | ২১ |
| | (ঘ) মালিকানা(নাম/ঠিকানা) পরিবর্তন | | ১৫ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ১৯ | (ক) স্টক এক্সচেঞ্জে অ-তালিকাভুক্ত কোম্পানিতে নিবাসী হতে অনিবাসী, অনিবাসী হতে নিবাসী এবং অনিবাসী হতে অনিবাসীর অনুকূলে শেয়ার ইস্যু/হস্তান্তর সংক্রান্ত বিষয় অবহিতকরণ | বাংলাদেশ ব্যাংক | ১৫ |
| | (খ) প্রফিট ও ডিভিডেন্ট প্রত্যাবাসন | | ১০ |
| | (গ) স্টক এক্সচেঞ্জে অ-তালিকাভুক্ত কোম্পানীতে অনিবাসী কর্তৃক ধারণকৃত শেয়ার নিবাসীর নিকট বিক্রয়ের ফলে প্রাপ্ত বিক্রয়লব্ধ অর্থ এবং কোম্পানি অবলুপ্তির ক্ষেত্রে আনুপাতিক হারে অবশিষ্ট অর্থ বিদেশে প্রত্যাবাসনের অনুমোদন | | ১৫ |
| | (ঘ) রয়্যালিটি এবং কারিগরি ফি বাবদ রেমিটেন্সের অনুমোদন | | ৭ |
| | (ঙ) সাধারণ প্রাধিকার বহির্ভূত কনসালটেন্সি ফি প্রেরণ সংক্রান্ত অনুমোদন | | ৭ |
| | (চ) বৈদেশিক ঋণ অনুমোদন | | ১৫ |
| | (ছ) অফসোর ব্যাংকিং লাইসেন্স | | ১৫ |
| ২০ | **আমদানি ও রপ্তানি সংক্রান্ত :** | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | |
| | (ক) আমদানি অনুমতিপত্র | | ১ |
| | (খ) রপ্তানি অনুমতিপত্র | | ১ |
| | (গ) নমুনা অনুমোদন (আমদানি) | | ১ |
| | (ঘ) নমুনা অনুমোদন (রপ্তানি) | | ১ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| | (ঙ) স্থানীয় ক্রয় অনুমোদন | | ১ |
| | (চ) স্থানীয় বিক্রয় অনুমোদন | | ২ |
| | (ছ) সাব-কন্ট্রাক্ট অনুমোদন | | ৩ |
| ২১ | (ক) টিআইএন রেজিস্ট্রেশন | জাতীয় রাজস্ব বোর্ড | ১ |
| | (খ) ভ্যাট রেজিস্ট্রেশন (বিজনেস আইডেন্টিফিকেশন নাম্বার) | | ১ |
| | (গ) বার্ষিক স্টকটেকিং/অডিট সম্পাদন | | ৭ |
| | (ঘ) বন্ড লাইসেন্স নতুন পণ্য কাঁচামাল ও মেশিন ইত্যাদি সংযোজন এবং শেয়ার হোল্ডার, লিয়েন ব্যাংক ইত্যাদিসহ বিভিন্ন তথ্য সংশোধন | | ৩ |
| | (ঙ) (i) কমিশারিয়েট লাইসেন্স ইস্যু | | ১৫ |
| | (ii) কমিশারিয়েট লাইসেন্স নবায়ন | | ৭ |
| | (iii) কাস্টমস পাস বই ইস্যু | | ৭ |
| | (চ) পোস্ট পার্সেল ছাড়পত্র | | ২ |
| | (ছ) ব্রিং-ব্যাক ইত্যাদির অনুমতি প্রদান | | ১ |
| | (জ) বন্ড টু বন্ড ট্রান্সফর, শিপ ব্যাক, মেশিন লোন, মেশিন মেরামতের অনুমতি প্রদান | | ২ |
| | (ঝ) পুরাতন অথচ সার্ভে রিপোর্ট অনুযায়ী অর্থনৈতিক আয়ুকাল কমপক্ষে ১০ বছর রয়েছে এবং ব্যবহার উপযোগী মেশিনারিজ প্রয়োজনীয় শুল্ক করাদি পরিশোধ সাপেক্ষে শুল্ক এলাকায় বিক্রয়ের অনুমতি প্রদান | | ৭ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| | (ঞ) উৎপাদন কাজে ব্যবহার অযোগ্য পুরাতন মেশিনারিজ স্ক্র্যাপে রূপান্তরপূর্বক প্রয়াজনীয় শুল্ক করাদি পরিশোধ সাপেক্ষে শুল্ক এলাকায় বিক্রয়ের অনুমতি প্রদান | | ৭ |
| | (ট) আমদানিকৃত উদ্বৃত্ত কাঁচামাল প্রয়োজনীয় শুল্ক করাদি পরিশোধ সাপেক্ষে শুল্ক এলাকায় বিক্রয়ের অনুমতি প্রদান | | ৭ |
| | (ঠ) বন্ধ শিল্পকারখানা বিক্রয়ের অনুমতি প্রদান | | ৩০ |
| | (ড) ইউটিলাইজেশন পারমিশন (ইউপি) | | ৩ |
| | (ঢ) কাস্টমস সংক্রান্ত ছাড়পত্র | | ১ |
| | (ণ) বন্ড লাইসেন্স ইস্যুকরণ | | ১৫ |
| ২২ | (ক) নারকোটিক্স লাইসেন্স ইস্যু | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১৫ |
| | (খ) নারকোটিক্স লাইসেন্স নবায়ন | | ৭ |
| ২৩ | **কপিরাইট রেজিস্ট্রেশন** | বাংলাদেশ কপিরাইট অফিস | ৩০ |
| ২৪ | **বিমা সংক্রান্ত :** | | |
| | (ক) ব্যক্তি | জীবন বিমা কর্পোরেশন | ৫ |
| | (খ) পণ্য | সাধারণ বিমা কর্পোরেশন | ৫ |
| ২৫ | **আমদানি-রপ্তানি সংক্রান্ত :** | | |
| | (ক) আমদানি/রপ্তানি সুপারিশ | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | ৫ |
| | (খ) আমদানি পারমিট জারিকরণ | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর | ৩ |
| | (গ) রপ্তানি পারমিট জারিকরণ | | ৩ |
| | (ঘ) বাণিজ্যিক আমদানি নিবন্ধন সনদ | | ৩ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| | (ঙ) বাণিজ্যিক রপ্তানি নিবন্ধন সনদ | | ৩ |
| | (চ) রপ্তানি নিবন্ধন সনদ (ইনডেন্টিং সার্ভিস) | | ৩ |
| | (ছ) শিল্প আমদানি নিবন্ধন সনদ | | ৬ |
| ২৬ | **সার্টিফিকেট অব অরিজিন সংক্রান্ত :** | বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো/চেম্বার অব কমার্স | ১ |
| | (ক) কান্ট্রি অব অরিজিন সনদ (জিএসপি) | | |
| | (খ) কান্ট্রি অব অরিজিন সনদ (সাধারণ) | চেম্বার অব কমার্স | ১ |
| ২৭ | (ক) এসিড পরিবহনের জন্য লাইসেন্স প্রদান | সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় | ১৫ |
| | (খ) এসিড পরিবহনের জন্য লাইসেন্স নবায়ন | | ৭ |
| | (গ) বন্ধ/রুগ্ন কোম্পানি বিক্রির লক্ষ্যে নিলামসহ বিভিন্ন ক্ষেত্রে স্থানীয় প্রশাসনের প্রতিনিধি প্রেরণ | | ৩ |
| ২৮ | **মার্ক (মানচিহ্ন) লাইসেন্স ইস্যুকরণ** | বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন | ২২ |
| ২৯ | **মোবাইল ফোন হ্যান্ডসেট প্রস্তুতকারক (manufacturer) এবং ভেন্ডর এনলিস্টমেন্ট সনদ সংক্রান্ত :** | বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন | |
| | (ক) ক্যাটাগরী ‘এ’ সনদ ইস্যুকরণ | | ৪৫ |
| | (খ) ক্যাটাগরী ‘বি’ সনদ ইস্যুকরণ | | ৩০ |
| | (গ) ক্যাটাগরী ‘এ’ সনদ নবায়ন | | ২০ |
| | (ঘ) ক্যাটাগরী ‘বি’ সনদ নবায়ন | | ২০ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৩০ | ভবন/স্থাপনা/টাওয়ার প্রভৃতি উচ্চতার ছাড়পত্র | বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | ৩০ |
| ৩১ | দুর্যোগ মোকাবিলায় যথাযথ প্রস্তুতিমূলক ব্যবস্থা নিশ্চিতকরণ ছাড়পত্র | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | ৭ |
| ৩২ | আমদানি-রপ্তানিকৃত মালামাল, কনটেইনার ও কার্গো খালাস এবং কাস্টমস ছাড়করণ | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়/নৌ পরিবহন মন্ত্রণালয়/বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ/সংশ্লিষ্ট স্থলবন্দর কর্তৃপক্ষ/চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ/মংলা বন্দর কর্তৃপক্ষ/পায়রা বন্দর কর্তৃপক্ষ | ২ |
| ৩৩ | নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিতকরণ | সংশ্লিষ্ট পুলিশ, র‌্যাব, আনসার, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়। | তাৎক্ষণিক |
| ৩৪ | ডিউটি ফ্রি গাড়ি রেজিস্ট্রেশন | বিআরটিএ | ২ |
| ৩৫ | বাণিজ্যিক সংগঠনের সনদ | বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস)/বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিস (বেসিস)/বাংলাদেশ এসোসিয়েশন অব কলসেন্টার এন্ড আউটসোর্সিং (বাক্কো)/ ই-কমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ই-ক্যাব)/চেম্বার অব কমার্স/ অন্যান্য প্রযোজ্য সংগঠন। | ৩০ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৩৬ | ওয়ান স্টপ সার্ভিস আইন, ২০১৮ (২০১৮ সনের ১০ নং আইন), বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮নং আইন) এবং ওয়ান স্টপ সার্ভিস (বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ) বিধিমালা, ২০১৯ অনুযায়ী অন্যান্য প্রণোদনা ও সেবা। | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | ৩০ |

* উল্লেখ্য সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী পূর্ণাঙ্গ দলিলাদি প্রাপ্তি এবং প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন সাপেক্ষে নির্ধারিত সময়সীমা প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এন এম জিয়াউল আলম**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd